**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

R

**প্যারামেডিকেল ও নার্সিং**
ECG, DPT (ফিজিওথেরাপি), CMS&ED (এলোপ্যাথি/কাউন্সিল স্বীকৃত), DHMH (হোমিও), DMLT (প্যাথলজি), DOTT (অপারেশন) এবং ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ)। গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। www.camsversity.com 7439213900 / 8272911322

D

## স্কুল-কলেজ-শিক্ষা

প্রাক্তন নরেন্দ্রপুর ও IIM কলকাতা, ২৬ বছরের অভিজ্ঞতায় পড়াচ্ছেন Bank (PO/Clerk), IBPS, NTPC, CGL, Rail, PSC, Combined. M : 7044061610

SH

**ENGLISH (Obj+Des)**
WBCS, SSC, PSC, Bank, Rail, পুলিশ- বেলঘরিয়া, সোনারপুর, বারাসাত। কার্তিক Sir- 9830110281 Monthly low fees. নিশ্চিত সাফল্য।

R

ফিজিওথেরাপি (DPT), প্যাথলজি (DMLT) কোর্সে ভর্তি চলছে। C.S.M.T.R.S. 13A, M.N.G Road, শ্যামবাজার: 9748913233

SH

ভর্তি চলছে (JULY '26 TO JUNE 27. (SUNDAY) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, মো : 9163927421, 6291648608

SH

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213

CM

## কর্মখালি

পশ্চিমবঙ্গের একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অফিসের জন্য স্নাতক ডিগ্রি এবং ২ থেকে ৩ বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী প্রয়োজন। পদটি হল মেদিনীপুর শহর এবং কাঁথির অফিসে Admission Counsellor. স্থানীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। অনুগ্রহ করে ৭ দিনের মধ্যে contact@tnu.in-এ আবেদন করুন। Ph : 7605074742

MS

**WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে**
বিভিন্ন পোস্টে Male/Female নিজ নিজ জেলায় নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন : 19K–56K. এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 9475256825

SA

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆ : 7890135514

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**WBSEDCL-এ লোক চাই**
(কন্ট্রাক্টরের অধীনে) পঃবঃ প্রতি শহর/গ্রামের জন্য ST, SC-দের বিশেষ সুবিধা। বেতন : (23K–52K) OT,-সহ Ex- সার্ভিসম্যানদের বিশেষ সুবিধা। যোগ্যতা : ৮ম-উর্ধ্বে। J.A - 8972730602

SP

সিকিউরিটি গার্ড, সুপারভাইজার চাই। ৫'৬''+, মাধ্যমিক পাস+, ১২০০০ টাকা থেকে শুরু, পি এফ, ই এস আই, ছুটি-সহ। ৭, দেওদর স্ট্রিট, কলকাতা -৭০০০১৯, হাজরা রোড। 9830981094

MS

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344

M

## কর্মখালি

**Airport-এ ভ্যাকান্সি**
**L.No-WB-23569**
দমদম, অন্ডাল ও বাগডোগরা-সহ রাজ্যের সমস্ত Airport-এ বিভিন্ন পদ-এ স্থায়ী কর্মী নিয়োগ। যোগ্যতা: অষ্টম-স্নাতক, বেতন : 18500–52500. PF, ESI, বোনাস-সহ থাকা, খাওয়া ফ্রি। M : 8116674810

SA

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 7319259635

SP

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর জুলাই মাসে চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. ভরতির জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

**MBS**
**Multi Speciality Hospital**
License Number : 33652675
OUR FACILITIES & DEPARTMENTS
CRITICAL CARE & SURGICAL UNITS
SPECIALIZED DEPARTMENTS
Obstetrics & Gynecology
Pediatrics & Neonatology
Gastroenterology
Nephrology
Internal Medicine & Diabetology
Dental Surgery
SUPPORT SERVICES
Gate No- 7, Balindi, Near BSF Camp Kalyani, Haringhata, Nadia 741246 +91 62967 57089
mbshospitalkalyani@gmail.com
https://mbshospital.com/

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ


# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানা কর্মমুখী কোর্সে ভরতি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর :** কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ও All India Survey on Higher Education (AISHE) স্বীকৃত প্রতিষ্ঠান - Susrijo Insitute of Paramedical Technology and Optometry (SIPTO)-তে নতুন অ্যাকাডেমিক সেশনে (২০২৬-২০২৭) ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক (DOS & OT). (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক (DMLT), (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক (DMRT), (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক (DPT), (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন (DDT & OH), (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (DCCT), (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি (DECGT & PFT), (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান (DDT)। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি মূল কোর্সের সঙ্গে একইসঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও এখানে মাধ্যমিক যোগ্যতায় ভরতি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ (CCMS & ED), (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন (CSI)। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামো, আধুনিক ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে মনোরম ও শিক্ষাবান্ধব পরিবেশে পাঠদান করা হয়, যা শিক্ষার্থীদের সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবেন। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দফতর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। সঙ্গে রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভরতি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO).

**মেইন ক্যাম্পাস (কৃষ্ণনগর) :** Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnanagar Horticulture Office). Phone : 9239242140, 9382415291.

**বহরমপুর ক্যাম্পাস :** 20/1, Madhupur Road, P.O. & P.S.- Berhampore, Dist.- Murshidabad, W.B., Phone : 9239242138, 9382415291. Website : www.sipto.in, Email: sipto19@gmail.com

# নতুন করে সবার মনে আশার আলো উঠছে জেগে — চাকরি এবার হবেই আমার



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

*গত কয়েক বছরে নিয়োগ প্রায় হয়নি বললেই চলে। সম্প্রতি রাজ্য সরকারের বিভিন্ন সরকারি অফিসের মূল দফতর, ডিরেক্টরেট অফিস ও সব আঞ্চলিক অফিসে কোথায় ক'টি শূন্যপদ আছে, তার পূর্ণাঙ্গ তালিকা চেয়ে পাঠিয়েছিল রাজ্যের অর্থ দফতর। ১ মে পর্যন্ত কত শূন্যপদ আছে, তার পূর্ণাঙ্গ হিসাব ৩ জুনের মধ্যে পাঠানোর নির্দেশ আগেই দেওয়া হয়েছিল। এখনো পর্যন্ত যা শূন্যপদের তথ্য সামনে এসেছে, তাতে দেখা যাচ্ছে মোট শূন্যপদের সংখ্যা প্রায় ৪ লাখেরও বেশি। এখন থেকেই তাই প্রস্তুতি নিতে হবে। এই সুযোগ ঠিকঠাক কাজে লাগিয়ে ঠিক কী ধরনের স্ট্র্যাটেজি নিলে নিশ্চিতভাবে চাকরি পাবেন তা নিয়ে খুঁটিনাটি আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক* **ড. সমিত রায়।** *এবারের বিষয় হল ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি পরীক্ষা অন্যতম* 'স্কোরিং পেপার' ভারতীয় সংবিধান ও অর্থনীতি।

● **প্রিলিমিনারিতে ভারতীয় সংবিধান :** WBCS পরীক্ষার প্রথম ধাপ প্রিলিমিনারি। আবশ্যিক বিষয় হিসাবে ছেলেমেয়েদের ভারতীয় সংবিধান পড়তে হবে। বিষয় থেকে ধার্য নম্বর ১০-১৫। প্রশ্নের ধরন মাল্টিপল চয়েস।

**মেন পরীক্ষায় ভারতীয় সংবিধান :** মেন পরীক্ষায় বিষয়টির ওপর ধার্য নম্বর থাকে ১০০। প্রশ্নের ধরন মাল্টিপল চয়েস।

**ঐচ্ছিক বিষয় হিসেবে রাষ্ট্রবিজ্ঞান :** ঐচ্ছিক বিষয় হিসাবে অনেক ছেলেমেয়ে রাষ্ট্রবিজ্ঞান বিষয়টি নিয়ে থাকে। বিষয়টির জন্য ৪০০ নম্বর ধার্য থাকে। প্রথম পত্রে ২০০ নম্বর ও দ্বিতীয় পত্র ২০০ নম্বর বরাদ্দ।

**সিলেবাস ও মূল আলোচনা ক্ষেত্র :** আবশ্যিক বিষয়ে ভারতীয় সংবিধান থেকে সংবিধানের প্রেক্ষাপট, মৌলিক অধিকার, রাষ্ট্রের নির্দেশমূলক নীতি, পার্লামেন্ট, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্য আইনসভা, রাজ্যপাল, মুখ্যমন্ত্রী, ভারতীয় বিচারব্যবস্থা, কেন্দ্র-রাজ্য সম্পর্ক, স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা, নির্বাচন কমিশন, জরুরি ব্যবস্থা, সংবিধান সংশোধনের পদ্ধতি ইত্যাদি বিভিন্ন টপিক সম্পর্কে সম্যক ধারণা রাখতে হবে।

ঐচ্ছিক বিষয়ের প্রথমপত্রে বিভিন্ন রাষ্ট্রতত্ত্ব (প্রাচ্য ও পাশ্চাত্য), রাজনৈতিক ধারণা, ভারতীয় সংবিধানের বেশ কিছু অংশ পড়তে হয়। প্রসঙ্গত, সংবিধানের এই অংশে যা যা পড়তে হয়, তার অনেকখানি আবশ্যিক বিষয়েও পড়তে হয়। দ্বিতীয়পত্রে জনপ্রশাসন ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে পড়তে হয়।

**কতটা স্কোরিং :** অনেকেরই ধারণা থাকে, সংবিধান মানেই প্রচুর আর্টিকল মুখস্থ করতে হয়। অপশনাল সাবজেক্টে পলিটিকাল সায়েন্সে খুব বেশি নম্বর পাওয়া যায় না। অপশনালে ইংরিজিতে লিখলে, বেশি নম্বর পাওয়া যায় এমন কথাও ছেলেমেয়েদের মধ্যে ঘোরাফেরা করে। তবে এগুলি সবই ভ্রান্ত ধারণা।

আর্টিকল পড়তে হলেও কখনই সব আর্টিকল পড়তে হয় না। যতগুলি পড়তে হয়, তা পড়ার নির্দিষ্ট কৌশল রয়েছে। সেই কৌশল জানতে হবে। অপশনাল পলিটিকাল সায়েন্সের ক্ষেত্রে নম্বর শুধু ওঠেই না, একটি স্ট্যান্ডার্ড উত্তরপত্রে ৫৫%-৬০% নম্বর বা তার থেকে বেশি নম্বর পাওয়া দুঃসাধ্য ব্যাপার নয়। যদি বিষয়টি সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকে, আর লেখার কৌশল জানা থাকে। ভাষা বা মাধ্যম সেখানে বিচার্য হয় না। ৪০০ নম্বরের অপশনালে ছেলেমেয়েরা ১০০ নম্বরের একটি অংশে আত্মবিশ্বাসী থাকে। কারণ - সেখানে ভারতীয় সংবিধানের ওপর প্রশ্ন আসে। যা তারা আবশ্যিকেও পড়ে থাকে। তাহলে অন্যান্য বিষয়ের তুলনায় এই বিষয়টিকে আয়ত্তে আনা সহজ। তবে এখানেও ভালো নম্বর পাওয়ার জন্য কয়েকটি কৌশল অনুসরণ করা প্রয়োজন। উল্লেখ্য, রাষ্ট্রবিজ্ঞান এমন একটি বিষয় যা অপশনাল হিসাবে যেকোনো বিভাগে স্নাতক হলেই রাখা যায়।

**প্রস্তুতির সহায়ক মাধ্যম ও প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্ব :** ভারতীয় সংবিধানের ওপর দক্ষতা আনতে সর্বপ্রথম প্রয়োজন এনসিইআরটি-র একাদশ ও দ্বাদশ শ্রেণির বই পড়া। এছাড়া দরকার প্রতিদিনের সংবাদপত্র পড়ার অভ্যাস। বিষয়টি অধিকাংশের কাছেই নতুন হলেও এটুকু নিশ্চিতভাবে বলা যায়, একবার আয়ত্তে এসে গেলে এর চেয়ে সহজ বিষয় আর নেই। বিষয়ভিত্তিক বই পড়ার পাশাপাশি দরকার নিয়মিত চর্চা ও প্রশ্ন সমাধানের অভ্যাস করা। পরস্পরের মধ্যে আলোচনা, ডেমো দিলেও বিষয়টি সহজে নিজের আয়ত্তে চলে আসে। অপশনালের ক্ষেত্রে যে সিলেবাস রয়েছে, তা কভার করতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের পাঠ্য বইও অনুসরণ করা যেতে পারে।

এই পরীক্ষার প্রস্তুতির জন্য প্রাতিষ্ঠানিক গাইডেন্স একজন পরীক্ষার্থীকে সব দিক দিয়েই তৈরি করে দেয়। একটি প্রতিষ্ঠান একজন শিক্ষার্থীকে নিয়মিত ক্লাস, মক টেস্ট ও অন্যান্য কৌশলে প্রতিযোগিতায় নামার জন্য তৈরি করে দেয়।

**বিষয়টির প্রাসঙ্গিকতা :** শুধু চাকরি পাওয়ার ক্ষেত্রেই সুবিধা নয়। ভারতীয় সংবিধান ও পলিটিকাল সায়েন্সের প্রাসঙ্গিকতা ছেলেমেয়েরা বুঝতে পারে কর্মক্ষেত্রে প্রবেশ করে। প্রশাসনিক পদে নিযুক্ত হওয়ার আগে নিজের দেশের সংবিধান ও রাজনীতির হাল-হকিকত জানা আবশ্যিক। নিজের দেশ এমনকি বিদেশেও প্রতিনিয়ত যে রাজনৈতিক ভাঙাগড়া ও উত্থান-পতন ঘটছে, সে সম্পর্কে প্রতিদিন আপ-টু-ডেট না থাকলে, নিজেকে ও নিজের চারপাশকে চেনা যাবে কীভাবে?

● **ভারতীয় অর্থনীতি :**

WBCS পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ক্ষেত্রে ২০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হল প্রথম ধাপ, যেখানে অন্যান্য বিষয়ের মতো অর্থনীতিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাধারণত অর্থনীতি থেকে ১২-১৫টি প্রশ্ন আসে ও সেগুলি মূলত ভারতীয় অর্থনীতির সিলেবাসকে কেন্দ্র করে হয়। বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণ করলে দেখা যায় কয়েকটি নির্দিষ্ট বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

প্রথমেই উল্লেখ করতে হয় ভারতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও নীতি আয়োগের কথা। এই অংশ থেকে সহজ থেকে কঠিন-সব ধরনের প্রশ্ন আসতে দেখা যায়। প্রস্তুতির সময় পরিকল্পনার সময়কাল, উল্লেখযোগ্য ঘটনা ও সংশ্লিষ্ট সব তথ্য ভালোভাবে পড়তে হবে। পাশাপাশি নীতি আয়োগের গঠন, উদ্দেশ্য, গুরুত্বপূর্ণ উদ্যোগ ও বিভিন্ন সূচক সম্পর্কেও স্পষ্ট ধারণা থাকা জরুরি। আরও একটি গুরুত্বপূর্ণ অংশ হল ভারতীয় ব্যাঙ্কিং ব্যবস্থা। এখানে ব্যাঙ্কের ইতিহাস, ব্যাঙ্ক জাতীয়করণ ও রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সম্পর্কিত প্রাথমিক সব তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়াও RBI-এর মূল কার্যাবলি ও সাম্প্রতিক ব্যাঙ্কিং সংক্রান্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ ও ঘটনাবলির ওপরেও জোর দিতে হবে। এছাড়া সবুজ বিপ্লব, ভূমি সংস্কার, ভারতীয় রাজস্ব ও কর ব্যবস্থা ও আন্তর্জাতিক বাণিজ্য থেকেও নিয়মিত প্রশ্ন আসে। এইসব বিষয়ের ক্ষেত্রে বর্তমান অর্থনৈতিক ঘটনা ও সাম্প্রতিক তথ্য সম্পর্কে অবগত থাকা প্রয়োজন।

**বিগত বছরের কয়েকটি প্রশ্ন :** ১. ভারতে 'কৃষকদের আত্মহত্যা'কে মূলত কীসের ফল হিসাবে দেখা হয় - কৃষিজ সংকটের। ২. ভারতে ১০০ টাকার মুদ্রার নোটে স্বাক্ষর করেন কে - ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর। ৩. ১৪টি বাণিজ্যিক ব্যাঙ্কের জাতীয়করণ সংঘটিত হয়েছিল -১৯৬৯ সালে। ৪. যখন ভারতীয় রুপির মূল্য মার্কিন ডলারের তুলনায় হ্রাস পায় (depreciated), তখন সাধারণত আমাদের- রফতানি সস্তা ও আমদানি ব্যয়বহুল হয়ে যায়। ৫. কোন সংস্থা 'কৃষি বিপণন ও কৃষক-বান্ধব সংস্কার সূচক' (Agricultural Marketing and Farm Friendly Reforms Index) প্রকাশ করে - নীতি আয়োগ। এইসব প্রশ্নের ধারাকে মাথায় রেখে সঠিক পদ্ধতি মেনে প্রস্তুতি নিলে অর্থনীতিতে ভালো নম্বর পাওয়া সম্ভব।

● WBCS পরীক্ষায় সফল হতে গেলে যেকোনো একটি বিষয় সম্পর্কে সঠিক ও স্বচ্ছ ধারণা তৈরি করতে হবে। ● ওই বিষয়ের ওপরে যেসব প্রশ্ন বিগত বছরে এসেছে বা আগামী বছরে আসতে পারে ও আরো কিছু অতিরিক্ত সম্ভাব্য প্রশ্ন তৈরি করতে হবে। ● এইসব পদক্ষেপ সব বিষয়ের ক্ষেত্রেই তৈরি করতে হবে ও বারে বারে বিষয়টিকে রিভাইস করতে হবে।

এস.এস.সি, রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## ৪২,৩৩৮ পদে চাকরি

১ পাতার পর

থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৭ মাসে চাকরি হয়েছে প্রায় ২,০২২ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

## ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

কয়েকশো সদ্য উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে ও গ্র্যাজুয়েটরা তাদের পছন্দসই পেশা বাছতে নানান অনুসন্ধানের সঠিক দিশা পান। শনিবারও সকাল ১০টা থেকে বিকেল পর্যন্ত এই মেলা চলে। ২ দিনে প্রায় হাজার খানেক ছেলেমেয়ে আশ মিটিয়ে নানান পেশা ও কোর্সের সুলুকসন্ধান নেয়। অনেকে নানান ইনস্টিটিউটে ভরতিও হয়ে যায়। মেলায় শামিল হওয়া বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটের কর্মকর্মারা এত বিশাল আয়োজনে মুগ্ধ হয়ে যান। অনেকেই উন্মুখ হয়ে জানতে চান, এরপর এ ধরনের ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার কোথায় কবে হবে। প্রত্যেকেই বলেন, কেরিয়ার ফেয়ার অনেক জায়গায় হয়। কিন্তু এমন মডেলের ইন্টারঅ্যাক্টিভ ফেয়ার তাঁরা এই প্রথম দেখলেন। প্রত্যেক ছাত্রছাত্রীর কৌতুহল মিটিয়ে পেশা বাছাই করে দেওয়ার এমন সুযোগ কখনো দেখা যায়নি।

মালদহ ও মুর্শিদাবাদ জেলার উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী, উচ্চমাধ্যমিক পাশ ও গ্র্যাজুয়েট শত শত পরীক্ষার্থী লাইন দিয়ে নাম রেজিস্ট্রেশন করে কেরিয়ার ফেয়ার ঘুরে দেখেন। উল্লেখ্য, এই কেরিয়ার ফেয়ারে দেশের প্রায় ৩৬টি নামি দামি বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান ছিল। এই জেলার ছেলেমেয়েরা এধরনের অভিনব কেরিয়ার ফেয়ারে এসে তাঁদের ভবিষ্যতের দিশা খুঁজে পান। এখানে এসে প্রত্যেক পড়ুয়া তাঁদের পছন্দসই কেরিয়ারের ব্যাপারে খুঁটিনাটি জানার সুযোগ পাওয়ায় খুশি।

ফেয়ারে ছেলেমেয়েদের অভূতপূর্ব সাড়ায় উদ্যোক্তরা অভিভূত। তাই এবার গতবারের চেয়ে আরো বেশি করে, রাজ্যর বিভিন্ন জেলায় এইরকমই নতুন ধাঁচের ইন্টার‍্যাক্টিভ 'কেরিয়ার ফেয়ার' হবে। যখন যে জেলায় ফেয়ার হবে, তখন তা 'কর্মসংস্থান' পত্রিকায় আগাম জানানো হবে।

ভর্তি চলছে

# BNG

## Hotel Management Institute , Kolkata

## হোটেল ম্যানেজমেন্ট

| Courses | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 Years Course | ~~2,50,000~~ | 1,90,000/- |
| 2 Years Diploma | ~~1,00,000~~ | 80,000/- |
| 1 Year Diploma | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| Learn & Earn ( 1 Year) | ~~50,000/-~~ | 25,000/- |

**Residential Campus** - Hostel for boys & girls, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, Cricket , Football ,Indoor Games, Game Zone, etc




100% PLACEMENT ASSURED

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

ট্রেনিং এবং প্লেসমেন্ট সহায়তা
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

Our Recruiters .....

Scan this QR Code for Admission

Follow us @

Bring this Cutout to avail Scholarship
Code :BNG#2026

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

City Office : 32 Dr L.M.Bhattacharya Road, Kolkata- 700014 ( Near Moulali) 10 mins from Sealdah Station

W :www.bngkolkata.com | E :bngkolkata@yahoo.com | P :+91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# ঠিক কী ধরনের যোগ্যতা থাকলে 'শিক্ষিত বেকার' হতে হবে না



অর্ঘ্য দত্ত
সি.ই.ও
ডিসান অ্যাকাডেমি

*সবসময় শোনা যায়— চাকরি নেই। তাই পড়াশোনা করে কী হবে? কিন্তু আসল সত্যিটা হল চাকরি আছে। শুধুমাত্র ছেলেমেয়েদের লক্ষ্য স্থির নয় বলে— তারা তা খুঁজে পাচ্ছে না। দুঃখের কথা হল যোগ্য চাকরি থাকলেও— চাকরি করার যোগ্যতা খুব কম ছেলেমেয়েরেই আছে। ঠিক কী ধরনের প্রফেশনাল ট্রেনিং থাকলে, আপনি প্রফেশনাল ফিল্ডে উত্তরোত্তর উন্নতি করবেন সেই দিশার খোঁজ দিলেন সফল উদ্যোক্তা ও দীর্ঘ ১ যুগের অন্যতম সেরা কেরিয়ার পরামর্শদাতা ডিসান অ্যাকাডেমির অর্ঘ্য দত্ত।*

বাংলায় প্রতি বছর কয়েক লাখ ছেলেমেয়ে উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েশন পাশ করছে। একথা সত্যি —শিক্ষার পরিসর আগের থেকে অনেকটাই বেড়েছে। কিন্তু লাভের লাভ কিছুই হচ্ছে না। ডিগ্রির সংখ্যা বাড়ছে। তবু একটি প্রশ্ন ক্রমশ তীব্র হচ্ছে — এত কিছুর পরেও, কেন শিক্ষিত যুবকদের একটি বড় অংশ কর্মসংস্থানের জন্য বাইরের রাজ্যে যাচ্ছে? এই সমস্যাকে শুধুমাত্র 'এ রাজ্যে চাকরির অভাব' বললে ভুল হবে। বাস্তবে, এর পেছনে রয়েছে নিজের যোগ্যতা বুঝে ঠিকঠাক মতো পরিকল্পনার অভাব, দিশাহীনতা ও সিদ্ধান্ত গ্রহণে দুর্বলতা।

**Course কেন্দ্রিক মানসিকতা, Career কেন্দ্রিক নয়**

দুর্ভাগ্য! কিন্তু এটা সত্যি যে এখনকার দিনে ছেলেমেয়ে ও অভিভাবকদের একটি বড় অংশের নজর থাকে শুধুমাত্র 'কোন কোর্স করলে চাকরি পাওয়া যাবে'— এই আপ্তবাক্যে। ফলে কোর্স বাছাই করার সময় ছেলেমেয়েদের আগ্রহকে কোনোভাবে গুরুত্ব দেওয়া হয় না। ওই বিষয়ে তার দক্ষতা গড়ে তোলার মানসিকতা আছে কি? বাস্তবে এই কোর্স পড়ে কর্মসংস্থানের সুযোগ কতটা? এই সব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন উপেক্ষিত থেকে যায়। ফলে আদপে দেখা যাচ্ছে, কোনো চিন্তাভাবনা ছাড়াই কোর্স বাছাই করা হচ্ছে। ফলে একটি 'course-driven ecosystem' তৈরি হয়েছে, যেখানে সব শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি প্রত্যেক বছর বাড়লেও, কর্মসংস্থান সেই অনুপাতে বাড়ে না।

**'চাকরি চাই'— কিন্তু 'কোন চাকরি', সেটা স্পষ্ট নয়**

ছেলেমেয়েদের একটি বড় অংশের কাছে কেরিয়ার মানেই 'একটি চাকরি'। কিন্তু সেই চাকরির প্রকৃতি, ক্ষেত্র, বেতন কাঠামো বা ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে বেশিরভাগেরই স্পষ্ট ধারণা থাকে না। ফলে একটি মৌলিক প্রশ্ন সামনে আসে — যদি শেষ পর্যন্ত অনির্দিষ্ট বা কম বেতনের কাজেই প্রবেশ করতে হয়, তবে দীর্ঘ সময় ও অর্থ ব্যয় করে উচ্চশিক্ষার বিনিয়োগ কতটা কার্যকরী? এই অস্পষ্টতা শুধুমাত্র সময়ের অপচয় নয়, বরং আত্মবিশ্বাস ও দিকনির্দেশনার ঘাটতি তৈরি করে।

**Degree নির্ভর ভাবনা : একটি প্রচলিত ভুল ধারণা**

সমাজে এখনও একটি প্রচলিত ধারণা আছে, যে নির্দিষ্ট কিছু ডিগ্রি, যেমন প্রযুক্তিগত বা পেশাভিত্তিক কোর্স করলেই চাকরি নিশ্চিত। ফলে সৃজনশীল ক্ষেত্রগুলিকে অনেক সময় সেইভাবে গুরুত্ব দেওয়া হয় না। কিন্তু বাস্তবে দেখা গেছে ডিগ্রি নয়, দক্ষতা ও প্রয়োগক্ষমতাই কর্মসংস্থানের মূল চাবিকাঠি। গত কয়েক বছর ধরে নেওয়া ডেটাবেস অনুযায়ী সরকারি-বেসরকারি বিভিন্ন সমীক্ষাতে দেখা গেছে যে প্রতি বছর স্নাতকের সংখ্যা বাড়লেও তার মধ্যে থেকে বেশিরভাগ অংশই কর্মক্ষেত্রের জন্য প্রস্তুতই নয়।

**Passion ও বাস্তবতার সমন্বয়ের অভাব**

একদিকে সমাজের তথাকথিত বিশেষজ্ঞদের পরবর্তী প্রজন্মকে 'passion follow' হওয়ার পরামর্শ, দেওয়া। অন্যদিকে 'নিরাপদ পেশা' বেছে নেওয়ার চাপ— এই দুইয়ের মধ্যে অনেক ছেলেমেয়েই দ্বিধায় পড়ে যায়। কিন্তু বাস্তব হল, আগ্রহ ও বাজারের চাহিদার মধ্যে সঠিক সমন্বয় না হলে দীর্ঘমেয়াদি সাফল্য অর্জন করা শুধু কঠিনই নয়, একপ্রকার অসম্ভব। 'শুধু আগ্রহ' বা 'শুধু নিরাপত্তা',— দুটোর কোনোটিই একা যথেষ্ট নয়।

**পরিকল্পনা ও ধারাবাহিকতার ঘাটতি**

প্রশিক্ষণ (ট্রেনিং) শুরু করা যতটা সহজ, তা সম্পূর্ণ করা ও দক্ষতায় রূপান্তরিত করা ততটাই কঠিন। অনেক ক্ষেত্রে দেখা যায় যে শুরুতে উৎসাহ থাকলেও তা বেশি দিন স্থায়ী হয় না। শেখা বিষয়গুলির বাস্তব প্রয়োগ হয় না বলে, ধারাবাহিকতা কোনোভাবেই বজায় থাকে না। ফলে দক্ষতা অসম্পূর্ণ থেকে যায় ও কর্মসংস্থানের সুযোগ হাতছাড়া হয়।

শিক্ষিত বেকারত্বের সমস্যাটি শুধুমাত্র অর্থনৈতিক বা কাঠামোগত নয়, এটি মানসিকতা ও পরিকল্পনার অভাব। সর্বোপরি লক্ষ্য নির্ধারণের অভাব, তথ্যভিত্তিক সিদ্ধান্তের অভাব, দক্ষতা উন্নয়নে অমনোযোগ— এই ৩টি বিষয়ই সমস্যাটিকে আরও গভীর করে তুলছে। অর্থাৎ যদি এই ৩টি বিষয়কে মাথায় রেখে আজকের দিনে নিজের যোগ্যতা অনুযায়ী ট্রেনিং নেওয়া যায় তাহলে বেকারত্বের সমস্যা সুদূর ভবিষ্যতে দূর হবেই — এ আমার দৃঢ় বিশ্বাস। ছেলেমেয়ের ক্ষমতা বুঝে, ঠিক কি ধরনের কোর্স বা ট্রেনিং নিলে তার কেরিয়ার সুনিশ্চিত হবে তা জানার জন্য নির্দ্বিধায় যোগাযোগ করুন আমাদের স্পেশাল কেরিয়ার টিমের সঙ্গে এই নম্বরে : 9429691888.

# উলুবেড়িয়া পুরসভায় স্যানিটারি ইন্সপেক্টর পদে কীভাবে চাকরি পেয়েছি



নিতাই বর্মন

উত্তর দিনাজপুরের রায়গঞ্জের এক মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। প্রয়াত বাবা ছিলেন সরকারি কর্মী। রায়গঞ্জের স্কুল থেকে উচ্চমাধ্যমিক পাশ করার পর চটজলদি চাকরির আশায় মুর্শিদাবাদ এনআইটিতে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে ভরতি হই। এখান থেকে ২০১৫ সালে ডিপ্লোমা কোর্স পাশ করার পর কৃষ্ণনগর গ্লোবাল ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি থেকে বি. টেক. করি। ২০১৯ সালে ইন্টারভিউয়ের মাধ্যমে রায়গঞ্জ পুরসভায় সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে চাকরি পাই। এখানে চাকরি করতে করতে 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে স্যানিটারি ইন্সপেক্টর কোর্সের কথা জানতে পেরে ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিংয়ে (IIHT) (২২৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, বহুবাজার)-এ স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্সে ভরতি হই। কেন্দ্রীয় সরকার স্বীকৃত অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেল্ফ গভর্নমেন্ট, মুম্বই অনুমোদিত স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পড়ানো হয় পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে। ২০২০ সালে এখান থেকে ১ বছরের স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাশ করি। ২০২৪ সালে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের ১৯টি পুরসভায় স্যানিটারি ইন্সপেক্টর পদের লোক নিয়োগের বিজ্ঞপ্তি বেরোয় ও আবেদন করি।

বিজ্ঞপ্তি নং ছিল ০৩, ২০২৪। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয় উচ্চমাধ্যমিক পাশ ও সেইসঙ্গে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে স্যানিটারি ইন্সপেক্টরে সার্টিফিকেট/ডিপ্লোমা কোর্স পাশ। বয়স চাওয়া হয় ২১ থেকে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিতদের যথারীতি বয়সের ছাড় ছিল। প্রস্তুতির ক্ষেত্রে আইআইএইচটি'র শিক্ষকরা নানাভাবে পরামর্শ দিয়ে সাহায্য করেন। এখানে থিওরির পাশাপাশি হাতেকলমে প্র্যাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয় বলে কাজের ক্ষেত্রে সুবিধা হয়।

প্রার্থী বাছাইয়ের জন্য ২টি পর্যায়ের পরীক্ষা নেওয়া হয়। প্রথম পর্যায়ে নেওয়া হয় ২০০ নম্বরের লিখিত পরীক্ষা। এখানে ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন ছিল ২ নম্বরের। নেগেটিভ নম্বর ছিল। প্রশ্ন ছিল বিষয়ভিত্তিক ও সেইসঙ্গে মাধ্যমিক মানের ইংলিশ, জেনারেল সায়েন্স ও অঙ্কের প্রশ্ন ছিল। লিখিত পরীক্ষা হয় দেড় ঘণ্টার। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করার পর নেওয়া হয় ৪০ নম্বরের পার্সোনালিটি টেস্ট। শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে ডাকা হয়। ইন্টারভিউ নেওয়া হয় কমিশনের কলকাতা অফিসে। বোর্ডে ছিলেন ৬-৭ জন সদস্য। প্রথমে যাবতীয় নথিপত্র যাচাই করা হয়। তারপর শুরু হয় প্রশ্নোত্তরের পালা। শুরুতে নিজের পরিচয় দিই। জানতে চাওয়া হয় স্যানিটারি ইন্সপেক্টরের ভূমিকা কী, বর্তমানে আমি কী করছি, কেন এই চাকরি করতে চাইছি, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কী, এই ব্যবস্থাপনায় নিষ্কাশন ছাড়া কোন প্রযুক্তির ব্যবহার করা যায়? জলবাহিত রোগ কী, জনস্বাস্থ্য প্রতিরোধে আর কী কী ব্যবস্থা নেওয়া যায় প্রভৃতি। সব প্রশ্নের জবাব দেওয়ার চেষ্টা করেছি। লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়। চূড়ান্ত সফল হয়ে এবছরের ৫ মার্চ হাওড়ার উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটিতে স্যানিটারি ইন্সপেক্টর পদে যোগ দিয়েছি। হাতে পাচ্ছি মাসে ৩৭,৯২০ টাকা। কাজ খুব উপভোগ করছি।

স্যানিটারি ইন্সপেক্টরের কোর্স করার পর পুরসভা/পুরনিগম ছাড়াও ভালো চাকরির সুযোগ আছে রেল, স্বাস্থ্যমন্ত্রক, পোর্ট, ডিভিসি, ক্যান্টনমেন্ট বোর্ড প্রভৃতি ক্ষেত্রে।

## ন্যালকোয় ২৩০ অপারেটর

১ পাতার পর

অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫৫টি (জেনাঃ ২৮, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭)।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি) -ল্যাবরেটরি** : কেমিস্ট্রি নিয়ে বি.এসসি. অনার্স কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি) -ফিটার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি) -ইলেক্ট্রিক্যাল** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৫টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫)।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি) -ইন্সট্রুমেন্টেশন / ইন্সট্রুমেন্ট মেকানিক** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্টেশন বা, ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

**অপারেটর গ্রেড-।।।** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক, টেকনিশিয়ান, মেকাট্রনিক্স, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্ট মেকানিক, ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৫৪টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস. ৫; ও.বি.সি. ৬, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১১)।

**টেকনিশিয়ান (ফিটার) গ্রেড-।।।** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

**টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল) গ্রেড-।।।** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৫টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭)।

**টেকনিশিয়ান (ইন্সট্রুমেন্টেশন / ইন্সট্রুমেন্ট মেকানিক) গ্রেড-।।।** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্টেশন বা, ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

ওপরের সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১০-৬-২০২৬'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ১৫,০০০ টাকা। সফল হলে জুনিয়র অপারেটিভ ট্রেনি হিসাবে ১৮ মাসের ট্রেনিং হবে। তখন মাইনে প্রথম বছর মাসে ১৫,০০০ টাকা ও পরের ৬ মাস মাসে ১৫,৫০০ টাকা। সফল হলে সুপারিন্টেন্ডেন্ট পদের বেলায় মূল মাইনে 'T0' অনুযায়ী আর টেকনিশিয়ান পদের বেলায় ২৯,৫০০-৭০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ১২০ মিনিটের ১০০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। ৪০% প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং ও জেনারেল নলেজের ওপর আর ৬০% প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর। সফল হলে ট্রেড টেস্ট। দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nalcoindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও অ্যাডমিট কার্ড আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে কিংবা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। 'পিসিকালচার' শব্দটি কীসের সঙ্গে সম্পর্কিত — মাছ পালন।

২। কোন অ্যাসিড জলে দ্রবীভূত হলে একটি দ্রবণ তৈরি করে, যা সাধারণত 'ভিনিগার' নামে পরিচিত — অ্যাসিটিক অ্যাসিড (ফর্মূলা CH3COOH)।

৩। কোন জলজ প্রাণীর মধ্যে ফুলকা নেই — তিমি (তিমির শ্বসন অঙ্গ ফুসফুস)।

৪। যকৃৎ বা, পেশি কোশে অতিরিক্ত গ্লুকোজ কী রূপে জমা থাকে — গ্লাইকোজেন।

৫। একটি ১৭ ক্যারেট সোনায় অন্যান্য ধাতুর ক'টি অংশ থাকে — ৭টি (যার মধ্যে থাকতে পারে তামা, রুপো বা, প্যালাডিয়াম)।

৬। পদার্থবিজ্ঞানের মূল নীতি কোনটি — শক্তির সংরক্ষণশীলতা নীতি।

৭। জীবাশ্ম জ্বালানিগুলির মধ্যে সবথেকে কম দূষণ ঘটায় কোনটি — প্রাকৃতিক গ্যাস।

## ইতিহাস

৮। 'এশিয়াটিক সোসাইটি অফ বেঙ্গল'এর প্রতিষ্ঠাতা কে ছিলেন — স্যার উইলিয়াম জোন্স (১৭৮৪ সালের ১৫ জানুয়ারি)।

৯। কলকাতা বিশ্ববিদ্যালয় কমিশন, যা 'স্যাডলার কমিশন' নামেও পরিচিত। এটি কোন সালে প্রতিষ্ঠিত হয় — ১৯১৭ (এর চেয়ারম্যান স্যার মাইকেল স্যাডলার'এর নামানুসারে এটির নাম রাখা হয়েছিল)।

১০। আল্লুরি সীতারাম রাজু ভারতের কোন রাজ্যের আদিবাসী স্বাধীনতা সংগ্রামী ছিলেন — আন্ধ্রা প্রদেশ।

১১। কার অধীনে ১৮ শতকে' বাংলা ধীরে ধীরে মোগল নিয়ন্ত্রণ থেকে বিচ্ছিন্ন হয় — মুর্শিদকুলী খান।

১২। বিজাপুর রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন — ইউসুফ আদিল শাহ (১৪৯০ সালে)।

১৩। মৌর্য যুগে মুদ্রাধ্যক্ষের দায়িত্ব ছিল — পাসপোর্ট ইস্যু করা।

১৪। ভারতীয় ইতিহাসের কোন যুগে শূন্য ও দশমিক সংখ্যা পদ্ধতি উদ্ভাবিত হয়েছিল — গুপ্ত।

## ভূগোল

১৫। কোন বছর 'ইকোলজিক্যাল টাস্ক ফোর্স' প্রকল্প চালু করা হয়েছিল — ১৯৮২।

১৬। ভারতে সবথেকে বেশি দুধ উৎপাদনকারী ছাগলের নাম কী — জামনাপাড়ী (এই ছাগলের বেশিরভাগই মূলত উত্তর প্রদেশে পাওয়া যায়)।

১৭। ভারতে ধানের কম উৎপাদনশীলতার প্রধান কারণ কী — কম ফলনশীল জাত।

১৮। 'গঙ্গা অ্যাকশন প্ল্যান' কবে শুরু হয় — ১৯৮৬ সাল (এর লক্ষ্য হল, গঙ্গা নদীর দূষণ কমানো)।

১৯। বাঁকুড়ার সীমান্তে অবস্থিত হাতি সংরক্ষণাগারের নাম কী — ময়ূরঝর্ণা হাতি সংরক্ষণাগার।

২০। 'থালওয়েগ মতবাদ' কীসের সঙ্গে সম্পর্কিত — জলাশয় (এটি আন্তর্জাতিক আইনের একটি অংশ, যার লক্ষ্য হল জলসীমা বিরোধ সমাধান করা)।

২১। কোন গ্যাসের ফলে বিশ্ব উষ্ণায়ন হয় — কার্বন ডাই অক্সাইড।

২২। কোন হাইওয়ে সিকিমকে, ভারতের বাকি অংশের সঙ্গে সংযুক্ত করে — ন্যাশনাল হাইওয়ে ১০ (পুরনো নাম 'এনএইচ ৩১এ')।

## সাম্প্রতিক ঘটনা

২৩। বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়াতে, উচ্চাভিলাষী কৃত্রিম বুদ্ধিমত্তা নীতিতে অনুমোদন দিল কোন রাজ্য — মহারাষ্ট্র।

২৪। এই প্রথম যৌথভাবে 'ন্যাভাল অ্যান্টি শিপ মিসাইল-শর্ট রেঞ্জ'এর 'স্যালভো'র সফল পরীক্ষা করল কোন দুই সংস্থা — ডিআরডিও ও ভারতীয় নৌবাহিনী।

২৫। 'নাম্মা ১১২' জরুরি হেল্পলাইনে কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত বহুভাষিক সুবিধা চালু করল কোন শহরের পুলিশ — বেঙ্গালউরু (ভারতের প্রথম পুলিশ বাহিনী হিসাবে এমন নজির স্থাপন করল তারা)।

২৬। সম্প্রতি 'গঙ্গা এক্সপ্রেসওয়ে' প্রকল্পের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এটি কোন রাজ্যে অবস্থিত — উত্তর প্রদেশ (প্রায় ৩৬,২৩০ কোটি টাকা খরচে তৈরি ৫৯৪ কিলোমিটার দীর্ঘ এই এক্সপ্রেসওয়েটি পশ্চিম উত্তর প্রদেশের মিরাটকে প্রয়াগরাজের সঙ্গে সরাসরি যুক্ত করবে)।

২৭। স্বাধীনতার পর ভোটদানের হারে দেশের সর্বকালীন রেকর্ড গড়ল কোন রাজ্য — পশ্চিমবঙ্গ (৯২.৪৭%)।

২৮। লিঙ্গ অন্তর্ভুক্তি ও দক্ষতা উন্নয়নের ওপর এশিয়ার প্রথম ইউনেস্কো চেয়ার চালু করল কোন সংস্থা — পুণের 'সিমবায়োসিস স্কিলস অ্যান্ড প্রফেশনাল ইউনিভার্সিটি'।

সঙ্কলক : পলি দেওয়ান

# কম কোর্স ফী'তে হোটেল ম্যানেজমেন্ট

## নামি হোটেলে ইন-সার্ভিস ট্রেনিং • শুরু থেকেই স্টাইপেন্ড ১০,০০০ টাকা

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এখন প্রত্যেক অভিভাবকই ছেলেমেয়েদের এমন কোর্সে ভরতি করতে চান, যেখানে কোর্স চলার মধ্যেই নানান নামি সংস্থার ইন্টার্নশিপ করার সুযোগ থাকে আর মাসে অন্তত ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যায়। অর্থাৎ, নিশ্চিত চাকরি শুধু নয়, উন্নতির সিঁড়িও স্পষ্ট দেখা যায়। পশ্চিমবঙ্গর অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট -এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এ প্রসঙ্গে জানান, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেন্টেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানের ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমনভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রতিটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানের ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সঙ্গে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানের ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই চাকরি পেতে পারে। এছাড়া দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানিতে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত, যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে।

**এখান থেকে কোর্স পাশ করলে চাকরি পাবেই। গড় মাইনে ২,১০,০০০ টাকা**

কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের এক সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি চাকরি হয় হোটেল ও ট্যুরিজম সেক্টরে। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে, অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার ছেলেমেয়ের চাকরি হয়। আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। কিন্তু এই ধরনের চাকরির জন্য কী যোগ্যতা লাগে? ওই ইনস্টিটিউটের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানান, 'দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে। আমাদের ইনস্টিটিউট এক্ষেত্রে ব্যতিক্রম। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, Radisson, Hyatt Regency, Trident, The Lalit, The Leela, Hillton, Park Inn, Ibis, Sheraton-এ। এটি এমন এক প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ। আর বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 98307 96307 / 96740 62259 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, সল্টলেক, কলকাতা।

# ওরিয়েন্টাল ইন্স্যুরেন্সে সেলস পার্সন

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাষ্ট্রায়ত্ত সংস্থা দ্য ওরিয়েন্টাল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের কলকাতা অফিস 'এজেন্ট' ও 'পয়েন্ট অফ সেলস পার্সন' পদে বেশ কিছু ছেলেমেয়ে নিচ্ছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ বছরের মধ্যে। কাজ হবে মূলত জেনারেল ইন্স্যুরেন্স পলিসি (অনলাইন বা অফলাইন মাধ্যমে) বিক্রি করা। আকর্ষক মাইনে। বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : ৯৪৩৩৫৭৩০৩৭ / ৭৪৩৯৬৮৯৩২১।

## পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

# সার ও কীটনাশকের লাইসেন্সের জন্য অত্যাবশ্যকীয় ও কর্মমুখী ১ বছরের অ্যাগ্রিকালচারের ডিপ্লোমা কোর্সে সীমিত আসনে ভর্তি চলছে

**মাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** সারের বা কীটনাশকের দোকান আছে? বা খুলবেন বলে ভাবছেন? লাইসেন্স পেতে গেলে বা, লাইসেন্স কন্টিনিউ করতে হলে সরকারি নিয়ম অনুসারে আজ বাধ্যতামূলক হয়ে গেছে, ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্স করা কোনো সরকারি ইউনিভার্সিটির সার্টিফিকেট-সহ। অনেকেই আবার ভাবছেন কী কোর্স করলে চাকরি পাবো? পশ্চিমবঙ্গের বাইরে যেতে হবে কী কোর্সে ভর্তি হতে? সব সমস্যার সমাধান নিয়ে এই বছরে সীমিত আসনে ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে ভর্তি শুরু হয়ে গেছে। কলেজে রয়েছে ১৫ বছরের বিশ্বস্ততা, বাংলার প্রতিটি জেলার হাজার-হাজার সফল ছাত্রছাত্রীদের বিশ্বাস, শ্রেষ্ঠ অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, নিজস্ব ফার্ম ইন্ডাস্ট্রিতে লাইভ ট্রেনিং, অত্যাধুনিক ল্যাব এবং ফ্রী স্পোকেন ইংলিশ ও সফট স্কিল ক্লাস এবং লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা-সহ সর্বোচ্চ স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট এবং শিক্ষান্তে চাকরির সুযোগ। তাই আর দেরি না করে এক্ষনই যোগাযোগ করুন নিচের ঠিকানাতে : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, গোবিন্দপুর, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. Website : www.gurukuledutechcollege.com

## প্রাথমিক শিক্ষকদের 'টেট' পাশ বাধ্যতামূলক

১ পাতার পর

'টেট' পাশ হতে হবে।

এর আগে বিচারপতির ডিভিশন বেঞ্চ জানিয়েছিল, ২০২৭ সালের ৩১ আগস্টের মধ্যে 'টেট'হীন প্রার্থীদের 'টেট' পাশ করতে হবে। এরপর বিভিন্ন শিক্ষক সংগঠন -সহ একাধিক শিক্ষক-শিক্ষিকা 'রিভিউ পিটিশনে'র জন্য আদালতে আর্জি জানান। ২৯ মে সুপ্রিম কোর্টের দুই বিচারপতি শুধুমাত্র 'টেট' পাশ করার সময়সীমা বাড়িয়ে ২০২৮ সালের ৩১ আগস্ট করেছে। এই রায়ের প্রভাব পড়বে সারা ভারতের প্রায় ৩০ লাখ প্রাথমিক শিক্ষক-শিক্ষিকার ওপর।




## মিসলেনিয়াস স্পেশাল

1. 'টিনের তলোয়ার' কে পরিচালনা করেন?
(A) শম্ভু মিত্র (B) উৎপল দত্ত (C) তৃপ্তি মিত্র (D) কুমার রায়
2. বাংলা সাহিত্যে অভিনব জয়দেব কাকে বলা হয়?
(A) চণ্ডীদাস (B) গোবিন্দ দাস (C) বিদ্যাপতি (D) মাইকেল মধুসূদন দত্ত
3. হিন্দি চলচ্চিত্র 'মাদার ইন্ডিয়া'র নায়িকা কে ছিলেন?
(A) মধুবালা (B) সুরাইয়া (C) নার্গিস (D) শর্মিলা ঠাকুর
4. বাংলা সাহিত্যে প্রথম মহিলা হিসাবে 'জ্ঞানপীঠ পুরস্কার' পেয়েছেন কে?
(A) প্রতিভা বসু (B) আশাপূর্ণা দেবী (C) নবনীতা দেব সেন (D) মহাশ্বেতা দেবী
5. বাঁকুড়া কোন নদীর তীরে অবস্থিত?
(A) দ্বারকেশ্বর (B) শিলাবতী (C) কংসাবতী (D) দামোদর
6. বিখ্যাত গীতিকার কিশোর কুমারের পদবী কোনটি?
(A) চ্যাটার্জি (B) ব্যানার্জী (C) গাঙ্গুলি (D) মুখার্জী
7. 'Paradise Lost' কার লেখা?
(A) জন মিল্টন (B) পি.বি. শেলী (C) টেনিসন (D) গোথে
8. কোন উপকূলের বালুকণায় মোনোজাইট পাওয়া যায়?
(A) মালাবার উপকূলে (B) চাঁদিপুর তটভূমিতে (C) করমণ্ডল উপকূলে (D) রত্নাগিরি উপকূলে
9. বিদ্যাসাগরের 'বেতাল পঞ্চবিংশতী' আসলে —
(A) ইংরিজি নীতি গল্প (B) হিন্দি গল্প (C) সংস্কৃত গল্প (D) পালি ধর্মকথা
10. ক্রিকেট বল সাধারণত দু'টি রঙের হয়। সেগুলি হল—
(A) লাল/সবুজ (B) লাল/কালো (C) লাল/সাদা (D) সবুজ/সাদা
11. 'ওটিস' কথাটি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?
(A) রেসিং গাড়ি (B) সেলুলার ফোন (C) লিফট (D) বেবিফুড
12. 'পেনাল্টি কর্নার' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) ফুটবল (B) ক্রিকেট (C) হকি (D) বাস্কেটবল
13. সংবিধানের কোন ধারায় স্বাধীনতার অধিকারের কথা আছে?
(A) ১৪ নং ধারা (B) ১৫ নং ধারা (C) ১৯ নং ধারা (D) ২১ নং ধারা
14. মেগাস্থিনিস কার দূত ছিলেন?
(A) আলেকজান্ডার (B) সেলুকাস (C) সাইপ্রাস (D) দারায়ুস
15. 'রামসর সম্মেলন' কী সম্পর্কিত?
(A) জাতীয় উদ্যান সংরক্ষণ (B) বন্যপ্রাণী (C) জলাশয় সংরক্ষণ (D) প্রবাল সংরক্ষণ
16. এখন ভারতের সংবিধানে ক'টি মৌলিক কর্তব্য আছে?
(A) ১০০টি (B) ৬টি (C) ১১টি (D) ৭টি
17. রাষ্ট্রপতি কতজন অ্যাংলো ইন্ডিয়ানকে লোকসভায় মনোনীত করতে পারেন?
(A) ১৪ জন (B) ১২ জন (C) ২ জন (D) ১০ জন
18. সংবিধানের ২৮০ নং ধারায় কোন সংস্থার কথা উল্লেখ আছে?
(A) প্ল্যানিং কমিশন (B) অর্থ কমিশন (C) নির্বাচন কমিশন (D) পাবলিক সার্ভিস কমিশন
19. 'ন্যাশনাল স্যাম্পেল সার্ভে অর্গানাইজেশন' কবে প্রতিষ্ঠিত হয়?
(A) ১৯৮৭ সালে (B) ১৯৪৮ সালে (C) ১৯৫০ সালে (D) ১৯৫১ সালে
20. পশ্চিমবঙ্গে 'অপারেশন বর্গা' কবে হয়?
(A) ১৯৭০ সালে (B) ১৯৭৮ সালে (C) ১৯৭৯ সালে (D) ১৯৮৯ সালে
21. ভারতে প্রথম শিল্পনীতি কবে চালু হয়?
(A) ১৯৫৬ সালে (B) ১৯৯১ সালে (C) ১৯৪৮ সালে (D) ১৯৯০ সালে
22. 'আরাবারী প্রকল্প' কোনটির সঙ্গে সম্পর্কিত?
(A) সামাজিক বনসৃজন (B) যৌথ বনসৃজন (C) কৃষি (D) বন্যপ্রাণী সংরক্ষণ
23. সুনামি কোথায় সবথেকে বেশি হয়?
(A) আটলান্টিক মহাসাগর (B) প্রশান্ত মহাসাগর (C) ভারত মহাসাগর (D) বঙ্গোপসাগর
24. কোন দেশটি প্রাকৃতিকভাবে কার্বন নেগেটিভ?
(A) নেপাল (B) ভুটান (C) সিকিম (D) চিন
25. কোন মহাসাগরের অন্য নাম 'সারগাসো সী'?
(A) উত্তর আটলান্টিক (B) দক্ষিণ আটলান্টিক (C) উত্তর প্রশান্ত (D) দক্ষিণ প্রশান্ত
26. টেনিস খেলোয়াড় রজার ফেডেরার কোন দেশের নাগরিক?

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি.



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হবে ৯ জুন পর্যন্ত। এখনো প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ঠিক হয়নি। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত বিশেষ আধিকারিক (WBCS) পম্পা শূর।

(A) যুক্তরাজ্য (B) মার্কিন যুক্তরাষ্ট্র (C) সুইৎজারল্যান্ড (D) বেলজিয়াম
27. বাল্টিমোরের বিখ্যাত ফোর লেন 'ফ্রান্সিস স্কট কি ব্রিজ'এর দুর্ঘটনায় যে জাহাজটি ধাক্কা মারে তার নাম কী?
(A) ডালি (B) এম এস লোনা (C) সিক্রেট লেডি (D) সিলভার এন্ডেভার
28. 'সাফ কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) ক্রিকেট (B) ফুটবল (C) ভলিবল (D) হকি
29. কোন দেশকে 'Land of Thousand Lakes' বলা হয়?
(A) আয়ারল্যান্ড (B) কানাডা (C) অস্ট্রেলিয়া (D) ফিনল্যান্ড
30. রাজা রবি বর্মা হলেন বিখ্যাত —
(A) অ্যাথলিট (B) আর্টিস্ট (C) ডাক্তার (D) সুইমার
31. ইউরোপীয় ইউনিয়নের মুদ্রা 'ইউরো' কবে চালু হয়?
(A) ২০০০ (B) ২০০১ (C) ১৯৯৯ (D) ১৯৯৮
32. 'Silent Spring' বইটি কার লেখা?
(A) রাচেল কারসন (B) ডন ব্রাউন (C) জে.কে. রাউলিং (D) চার্লস ডিকেন্স
33. জাম্পিং জিনের আবিষ্কারের সঙ্গে কোন নামটি যুক্ত?
(A) জগদীশ চন্দ্র বসু (B) জেমস ওয়াটসন (C) বারবারা ম্যাকক্লিন্টক (D) হরগোবিন্দ খুরানা
34. সিগমুন্ড ফ্রয়েড নামটি কোন ক্ষেত্রের সঙ্গে সম্পর্কিত?
(A) রসায়ন (B) মনস্তত্ত্ব বিদ্যা (C) চিকিৎসা বিদ্যা (D) চিত্রকলা
35. ক্রিকেট পিচের দৈর্ঘ্য কত মিটার?
(A) ২২ (B) ২০.১২ (C) ২২.১২ (D) ২০.২২
36. কোন চলচ্চিত্র ব্যক্তিত্ব 'ভারতরত্ন' পুরস্কার পেয়েছেন?
(A) দাদা সাহেব ফালকে (B) সত্যজিৎ রায় (C) এ. আর. রহমান (D) মৃণাল সেন
37. 'গান্ধী আরউইন চুক্তি' কবে স্বাক্ষরিত হয়?
(A) ১৯৩২ সালে (B) ১৯৩১ সালে (C) ১৯৩৩ সালে (D) ১৯৩৫ সালে
38. ব্ল্যাক হোল ট্র্যাজেডির সময় বাংলার নবাব কে ছিলেন?
(A) আলিবর্দি খাঁ (B) মীরজাফর (C) সিরাজ-উদ-দৌল্লা (D) সরফরোজ খাঁ
39. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?
(A) অ্যানি বেসান্ত (B) সরোজিনী নাইডু (C) সুচেতা কৃপালনী (D) নেলি সেনগুপ্ত
40. কে হোলকার বংশের শাসক ছিলেন?
(A) বালাজী বাজীরাও (B) শিবাজি (C) অহল্যাবাঈ (D) পৃথ্বীরাজ
41. 'থিওরি অফ রিলেটিভিটি' কে আবিষ্কার করেছেন?
(A) নিউটন (B) আইনস্টাইন (C) ম্যাক্সওয়েল (D) রাদারফোর্ড
42. চর্বিতে দ্রাব্য নয় কোন ভিটামিনটি?
(A) ভিটামিন-A (B) ভিটামিন-D (C) ভিটামিন-C (D) ভিটামিন-K
43. কোন জৈব যৌগটি প্রথম রসায়নাগারে প্রস্তুত করা হয়?
(A) বেঞ্জিন (B) ফেনল (C) ইউরিয়া (D) ভিনিগার
44. যকৃতে গ্লুকোজ কী রূপে সঞ্চিত থাকে?
(A) সুক্রোজ (B) ফ্রুক্টোজ (C) গ্লাইকোজেন (D) স্টার্চ
45. আয়োডিনের অভাবে কী রোগ হয়?
(A) রাতকানা (B) বেরিবেরি (C) গয়টার (D) পেলেগ্রা
46. লোহার রডকে গরম করা হলে, কোনটি অপরিবর্তিত থাকবে?
(A) রডটির আয়তন (B) রডটির দৈর্ঘ্য (C) রডটির ঘনত্ব (D) রডটির ভর
47. টিংচার আয়োডিন হল আয়োডিন ও ____ এর মিশ্রণ।
(A) জল (B) রেকটিফায়েড স্পিরিট (C) পটাশিয়াম আয়োডাইড (D) বেঞ্জিন
48. কে 'বঙ্গভঙ্গ'এর আদেশ জারি করেন?
(A) লর্ড লিটন (B) লর্ড ডালহৌসি (C) লর্ড কার্জন (D) লর্ড ওয়েলেসলি
49. গাছে শ্বসন কোন সময় সংগঠিত হয়?
(A) দিনের বেলা (B) রাত্রি বেলা (C) দিবা রাত্রি (D) দুপুরে
50. কাবুলিওয়ালা সিনেমাতে 'মিনি' চরিত্রটিতে কে অভিনয় করেছিলেন?
(A) শিখা বাগ (B) টিঙ্কু ঠাকুর (C) বেবি গীতা (D) বেবিনা জনীন
51. 'বোসন কণা'র নাম কার নামানুসারে হয়েছে?
(A) জগদীশচন্দ্র বসু (B) সত্যেন্দ্রনাথ বোস (C) ব্রিটিশ বিজ্ঞানী বোসন (D) সবার
52. তুতিকোরিন নামক গুরুত্বপূর্ণ মৎস্যবন্দরটি ____ উপকূলে অবস্থিত?
(A) মালাবার (B) করমণ্ডল (C) কঙ্কণ (D) কচ্ছ উপসাগর
53. মহাকাশ থেকে আকাশের কী রং দেখা যাবে?
(A) সাদা (B) নীল (C) কালো (D) লাল
54. ফারেনহাইট স্কেলে পরম শূন্য তাপমাত্রার মান কত?
(A) – 602°F (B) – 273°F (C) – 459°F (D) – 423°F
55. কোন গ্যাসটি জলের উর্ধ্ব অপসারণের মাধ্যমে সংগ্রহ করা যায় না?

## মিসলেনিয়াস স্পেশাল

(A) $O_2$ (B) $N_2$ (C) $SO_2$ (D) $PH_3$
56. মোবিল কী হিসাবে ব্যবহৃত হয়?
(A) জ্বালানি (B) লুব্রিকান্ট (C) ভোজ্য তেল (D) অ্যান্টি-নকিং এজেন্ট
57. কোনো মানুষের ওজন কলকাতায় 42 কেজি হলে, চাঁদে ওজন কত?
(A) 252 কেজি (B) 21 কেজি (C) 7 কেজি (D) 6 কেজি
58. সবথেকে হালকা গ্যাস কোনটি?
(A) হাইড্রোজেন (B) হিলিয়াম (C) অক্সিজেন (D) নিয়ন
59. মোহাজীর কোয়ামি আন্দোলন কীসের সঙ্গে সম্পর্কিত?
(A) আফগান-ই-স্তান সিভিল ওয়ার (B) পাক-ই-স্তানের করাচিতে অশান্তি (C) কাশ্মীর উপত্যকায় পর্যটকদের কিডন্যাপ (D) বালুচিস্তান সংকট
60. হাইড্রোজেনের কোন দশাটি সর্বাধিক সক্রিয়?
(A) পরমাণু হাইড্রোজেন (B) আণবিক হাইড্রোজেন (C) জায়মান হাইড্রোজেন (D) ভারী হাইড্রোজেন
61. পাবলো নেরুদা কোন দেশের কবি ছিলেন?
(A) মেক্সিকো (B) পেরু (C) চিলি (D) পর্তুগাল
62. প্রথম সাধারণ নির্বাচন কবে হয়?
(A) ১৯৫০ সালে (B) ১৯৫২ সালে (C) ১৯৫৪ সালে (D) ১৯৪৭ সালে
63. টিউবওয়েল কোন ধরনের লিভার?
(A) প্রথম শ্রেণির লিভার (B) দ্বিতীয় শ্রেণির লিভার (C) তৃতীয় শ্রেণির লিভার (D) B ও C উভয়
64. 'বিদারার যুদ্ধ' কত সালে হয়েছিল?
(A) ১৭৫৬ সালে (B) ১৭৫৯ সালে (C) ১৭৬১ সালে (D) ১৭৬৪ সালে
65. ভারতের জাতীয় আয় পরিমাপ করে কোন সংস্থা?
(A) NSO (B) NSSO (C) CSO (D) অর্থ কমিশন
66. ভারতে কফি উৎপাদনে কোন রাজ্য প্রভাব বিস্তার করেছে?
(A) বিহার (B) কর্ণাটক (C) পশ্চিমবঙ্গ (D) অরুণাচল প্রদেশ
67. খোয়াই কোন অঞ্চলে লক্ষ্য করা যায়?
(A) রাঢ় সমভূমি (B) তরাই সমভূমি (C) উত্তরবঙ্গের সমভূমি (D) দক্ষিণবঙ্গের সমভূমি
68. ভারতের প্রথম টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কোন রাজ্যে স্থাপিত হবে?
(A) আন্ধ্রা প্রদেশ (B) কেরলম (C) কর্ণাটক (D) গুজরাত
69. শীতকালে উত্তর-পশ্চিম ভারতে কীসের প্রভাবে বৃষ্টিপাত হয়?
(A) কালবৈশাখী (B) ক্রান্তীয় ঘূর্ণিঝড় (C) পশ্চিমী ঝঞ্ঝা (D) সবক'টি
70. ভারতে সবথেকে বেশি বায়ুকলের সংখ্যা আছে কোন রাজ্যে?
(A) রাজস্থান (B) তামিলনাড়ু (C) কর্ণাটক (D) মহারাষ্ট্র
71. রাস্তাঘাট তৈরিতে খনিজ তেলের কোন উপজাত দ্রব্যটি ব্যবহৃত হয়?
(A) অ্যাসফল্ট (B) বুটাডিন (C) গ্রিজ (D) ন্যাপথা
72. 2011 সালে ভারতে শিশু লিঙ্গের অনুপাত হল —
(A) 1000 : 976 (B) 1000 : 914 (C) 1000 : 946 (D) 1000 : 950
73. ভুট্টা কোন ধরনের শস্য?
(A) খরিফ শস্য (B) রবি শস্য (C) A ও B উভয়ই (D) কোনোটিই নয়
74. ভারতের সংকর ইস্পাত কারখানাগুলি হল—
(A) ভিলাই, বোকারো, জামশেদপুর (B) রাউরকেল্লা, কুলটি, বার্নপুর (C) ভদ্রাবতী, সালেম, দুর্গাপুর (D) বিশাখাপত্তনম, বার্নপুর, কুলটি
75. পাতার হলুদ হয়ে যাওয়াকে ক্লোরোসিস বলে, নীচের কোনটির এটি অভাবে ঘটে?
(A) সোডিয়াম (B) ফসফরাস (C) ক্যালসিয়াম (D) ম্যাগনেশিয়াম
76. 25 জন লোক 12 মিটার লম্বা একটি পুকুর 20 দিনে খনন করতে পারে। 25 দিনে 21 মিটার লম্বা পুকুর কত জন লোক খনন করতে পারবে?
(A) 30 জন (B) 32 জন (C) 35 জন (D) 38 জন
77. একটি বহুভুজের অন্তঃকোণের মান 120° হলে এর বাহুসংখ্যা কত?
(A) 8 (B) 5 (C) 6 (D) 10
78. যদি 15, 18, X, 14, 21, 26, 8 এর গড় 16 হয়, তবে X-এর মান কত?
(A) 8 (B) 9 (C) 10 (D) 11

# মিসলেনিয়াস স্পেশাল

79. $\frac{10.3\times10.3\times10.3+1}{10.3\times10.3-10.3+1}$ এটি সমান হল—
(A) 9.3 (B) 10.3 (C) 11.3 (D) 12.3

80. 270 গ্রাম 3 কিলোগ্রামের কত অংশ?
(A) $\frac{3}{50}$ (B) $\frac{9}{100}$ (C) $\frac{7}{50}$ (D) $\frac{9}{80}$

81. 6 জন লোক 5 ঘণ্টায় একটি লরি থেকে কয়লা নামাতে পারে। 15 জন লোক 3টি লরি থেকে কত সময়ে ওই কাজ করতে পারবে?
(A) 4 ঘণ্টায় (B) 6 ঘণ্টায় (C) 8 ঘণ্টায় (D) 10 ঘণ্টায়

82. $\frac{(243)^{\frac{n}{5}}\cdot 3^{2n+1}}{9^{n}\cdot 3^{n-1}}$ = ?
(A) 1 (B) 9 (C) 3 (D) $3^n$

83. 26 সেকেন্ড, 6 মিনিট 30 সেকেন্ডের কত শতাংশ?
(A) 6% (B) $6\frac{1}{2}$% (C) $6\frac{1}{3}$% (D) $6\frac{2}{3}$%

84. $\frac{.\dot{8}1\times .005}{.45}$ এর মান হবে
(A) $.00\dot{9}$ (B) .009 (C) .9 (D) .009

85. 441 বর্গমিটার একটি বর্গক্ষেত্রকে বেড়া দিতে কত মিটার দৈর্ঘ্যের বেড়া প্রয়োজন হবে?
(A) 42 মিটার (B) 84 মিটার (C) 48 মিটার (D) 24 মিটার

86. কোনো সংখ্যার 2.5%, 15 হলে, সংখ্যাটি হবে
(A) 500 (B) 550 (C) 600 (D) 650

87. আয়তক্ষেত্রাকার একটি জমির অনুপাত 5 : 4, এর ক্ষেত্রফল 500 বর্গমিটার। পরিসীমা কত?
(A) 80 মি. (B) 100 মি. (C) 90 মি. (D) 95 মি.

88. $\frac{0.05\times0.05\times0.05-0.04\times0.04\times0.04}{0.05\times0.05+0.002+0.04\times0.04}$ = ?
(A) 1 (B) 0.01 (C) 0.1 (D) 0.001

89. কোনো সংখ্যাকে 30% বৃদ্ধি করলে 39 হয়। সংখ্যাটি কত?
(A) 30 (B) 32 (C) 34 (D) 36

90. 35% নম্বর পেলে কোনো পরীক্ষায় পাশ করা যায়। একজন ছাত্র 650 নম্বর পেল ও 50 নম্বরের জন্য ফেল করল। পরীক্ষাটির সর্বোচ্চ নম্বর কত ছিল?
(A) 1000 (B) 1500 (C) 2000 (D) 2200

91. a : b যদি $\frac{2}{3} : \frac{1}{3}$, b : c = $\frac{2}{7} : \frac{5}{14}$ ও d : c = $\frac{7}{10} : \frac{3}{5}$ তখন a : b : c কত?
(A) 4 : 6 : 7 : 9 (B) 16 : 24 : 30 : 35 (C) 8 : 12 ; 15 : 7 (D) 30 : 35 : 24 : 16

92. কোনো এক শহরে 1,20,000 জন ভোটদাতা আছে। এদের মধ্যে 75% জন A ও B এর মধ্যে কার নির্বাচনে ভোট দেয়। যদি B 45% ভোট পায় তবে A কত ভোট পায়?
(A) 49,500 (B) 47,000 (C) 49,000 (D) 47,900

93. 8 জন লোক কাজ করে 12 দিনে, 6 দিন পর 4 জন এসে যোগ দিলেন ও কাজ শেষ করলেন। কত দিনে বাকি কাজ শেষ হবে?
(A) 2 (B) 3 (C) 4 (D) 5

94. 40 লিটার দুধ ও জলের মিশ্রণে 10% জল আছে। আরও জল যোগ করা হল ও নতুন মিশ্রণে জলের পরিমাণ 20% হল। নতুন মিশ্রণে কত পরিমাণ জল মেশান হল?
(A) 6 লিটার (B) 6.5 লিটার (C) 5.5 লিটার (D) 5 লিটার

95. 6 ডেসিমিটার চওড়া একটি স্টিম রোলারের পরিধি 2 মিটার। রোলারটি 120 পূর্ণ পাক দেওয়ার ফলে যে জমি অতিক্রম করে তার ক্ষেত্রফল :
(A) 140 বর্গমিটার (B) 144 বর্গমিটার (C) 148 বর্গমিটার (D) 160 বর্গমিটার

96. কোনো টাকার 12% হল 63 টাকা। ওই টাকার 40% কত?
(A) 200 টাকা (B) 210 টাকা (C) 220 টাকা (D) 230 টাকা

97. কোনো দোকানদার 375 টাকায়, 580 টাকায় ও 428 টাকায় কিছু জিনিস কিনল। সে জিনিসগুলি যথাক্রমে 436 টাকায় 635 টাকায় ও 350 টাকায় বিক্রি করল। তার মোট কত লাভ বা ক্ষতি হল?
(A) 40 টাকা লাভ (B) 40 টাকা ক্ষতি (C) 38 টাকা লাভ (D) 38 টাকা ক্ষতি

98. এক টুকরো কাপড়ের দৈর্ঘ্য 24.5 মিটার। ওই কাপড় থেকে 1.75 মিটার দৈর্ঘ্যের কতগুলি টুকরো কাটা যাবে?
(A) 14 (B) 15 (C) 16 (D) 17

99. $\frac{(243)^{0.13}\times(243)^{0.07}}{(7)^{0.25}\times(49)^{0.75}\times(343)^{0.2}}$ = ?
(A) $\frac{3}{7}$ (B) $\frac{7}{3}$ (C) $1\frac{3}{7}$ (D) $2\frac{2}{7}$

100. কোনো ফুল বিক্রেতা প্রতি ডজন 9 টাকা হারে 240টি গোলাপ কিনে যদি প্রতিটি 1 টাকা দরে বিক্রি করে তবে শতকরা লাভের পরিমাণ কত?
(A) $33\frac{1}{2}$% (B) $33\frac{1}{3}$% (C) $33\frac{1}{4}$% (D) $33\frac{1}{5}$%

## উত্তর

1(B). 2(C). 3(C). 4(B). 5(C). 6(C). 7(A). 8(A). 9(C).10(C). 11(C). 12(C). 13(C). 14(B). 15(C). 16(C). 17(C). 18(B). 19(C). 20(B). 21(C). 22(B). 23(B). 24(B). 25(A). 26(C). 27(A). 28(B). 29(D). 30(B). 31(C). 32(A). 33(C). 34(B). 35(B). 36(B). 37(B). 38(C). 39(A). 40(C). 41(B). 42(C). 43(C). 44(C). 45(C). 46(D). 47(B). 48(C). 49(B). 50(B). 51(B). 52(B). 53(C). 54(C). 55(C). 56(B). 57(C). 58(A). 59(B). 60(C). 61(C). 62(B). 63(A). 64(B). 65(C). 66(B). 67(A). 68(D). 69(C). 70(B). 71(A). 72(B). 73(A). 74(C). 75(D). 76(C). 77(C). 78(C). 79(C). 80(B). 81(B). 82(B). 83(D), 84(A). 85(B). 86(C). 87(C). 88(B). 89(A). 90(C). 91(B). 92(A). 93(C). 94(D). 95(B). 96(B). 97(C). 98(A). 99(A). 100(B).

## BSNL'এ ১০০ অফিসার

১ পাতার পর

বয়স হতে হবে ১১-৭-২০২৬'এর হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৬,৪০০-৪০,৫০০ টাকা। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে কলকাতা ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১), চেন্নাই ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ছত্তিশগড় ১টি (জেনাঃ)। গুজরাত ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ২)। হরিয়ানা ১টি (ও.বি.সি.)। জম্মু ও কাশ্মীর ১টি (জেনাঃ)। কর্ণাটক ২৬টি (জেনাঃ ২৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। কেরলম ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস ২)। মধ্য প্রদেশ ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মহারাষ্ট্র ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। নর্থ ইস্ট -।।- ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ওড়িশা ৬টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৪)। রাজস্থান ১টি (জেনাঃ)। সিকিম ১টি (জেনাঃ)। তামিলনাড়ু ১টি (জেনাঃ)। তেলেঙ্গানা ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। উত্তরাখন্ড ১টি (জেনাঃ)। ইউ.পি.ডব্লু. ১টি (জেনাঃ)। অসম ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। আন্ধ্রা প্রদেশ ১টি (জেনাঃ)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাই হবে 'কম্পিউটার বেসড মাল্টিপল চয়েজ অবজেক্টিভ টাইপ টেস্ট'এর মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, গ্যাংটক, ভুবনেশ্বর, গুয়াহাটি, রাঁচি, শিলংয়ে, আগস্টে। ৪৮০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে : ইঞ্জিনিয়ারিং স্ট্রিম -। ২০০ নম্বর, ইঞ্জিনিয়ারিং স্ট্রিম -।।.২০০ নম্বর, জেনারেল এবিলিটি টেস্ট -৮০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জুন থেকে ৩ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.externalexam.bsnl.co.in তখন পরীক্ষা ফী বাবদ ২,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১,০০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রেলে শিক্ষক

১ পাতার পর

এই ঠিকানায় : BNR School, Santragachi, Loco Shed Road. ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল ও মূল। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.bnrea.org.in

## ডিজিটাল মার্কেটিংয়ে ৫৮,৬৭২ চাকরি

১ পাতার পর

মার্কেটিংয়ে দক্ষ-তাঁদেরকে। একই অবস্থা Infosys (শেষ ৩ মাসে এই বিভাগে ৮,৭০২ জন), HCL (শেষ ৩ মাসে এই বিভাগে ৫,৪৭২ জন), TechMahindra (শেষ ৩ মাসে এই বিভাগে ৩,২১১ জন) আর Wipro (শেষ ৩ মাসে এই বিভাগে ২,৯২১ জন) -কে চাকরি দিয়েছে। এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২০০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১০০টির ওপর আইটি কোম্পানিতে ৫৮,৬৭২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

# সাধারণ মধ্যবিত্ত পরিবার থেকে কীভাবে আমি ম্যানেজমেন্টের ঈর্ষণীয় মাইনের চাকরি পেলাম



সুকন্যা পাল
HR এক্সিকিউটিভ

এক সাধারণ মধ্যবিত্ত পরিবারের মেয়ে আমি। হসপিটাল ম্যানেজমেন্টে বিবিএ করি। তারপর সবার মত আমিও 'কোভিড-১৯' মহামারির ফলে বে-রোজগার হয়ে যাই। এরপর আমি ভিনরাজ্যে একটি নামী কলেজ থেকে এমবিএ করি। কলকাতায় ফিরে এসে অনেক জায়গায় ইন্টারভিউ দিই। কিন্তু কোথাও চাকরি পাইনি। হতাশ হয়ে পরেছিলাম। তারপর এক আত্মীয়ের পরামর্শে, দমে না গিয়ে ২ বছর ধরে প্রত্যেক সপ্তাহে আমি **কর্মসংস্থান** কাগজটি বাড়িতে রাখা শুরু করলাম। বলতে গেলে পুরো কাগজটাই গিলতাম। ওখানে দেখেই — অনেক সংস্থায় চাকরির জন্য আবেদন করেছিলাম। কিন্তু ঠিকঠাক মতো কিছুই 'ক্লিক' করছিল না। তারপর ওখানেই একদিন জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। যখন থেকে চাকরি খুঁজছি, তখন থেকেই আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির কোনো কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা কিছুতেই হচ্ছিল না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অবস্থা। তাই যখন সাপ্তাহিক **কর্মসংস্থান** কাগজে ডিসান অ্যাকাডেমির কথা জানতে পারলাম, সরাসরি ওখানেই ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ডিসানের প্রফেশনাল ও কাউন্সেলররা ৬ মাসের মধ্যে কোনো ভালো কোম্পানিতে, ভালো মাইনের চাকরি কীভাবে পাব, তার একটা সুনির্দিষ্ট গাইডলাইন প্রথম দিনই সুন্দরভাবে বুঝিয়ে দিয়েছিলেন। ওঁনারা বলেছিলেন, 'আমার ডিগ্রি আছে— কিন্তু ডিরেকশন নেই।' আমি ওঁনাদের কথা মতো ৬ মাসের 'হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR)' কোর্সে ভর্তি হই। এখানে মূলত ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। ফলে কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পেতে কোনো অসুবিধাই হয় না। এছাড়াও, এখানকার ট্রেনিংয়ে ESI, PF, Gratuity ও Updated Labour Laws-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যা প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। এইরকম ২ পর্যায়ে প্রফেশনাল ট্রেনিং আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। এখনকার দিনে দাঁড়িয়ে ম্যানেজমেন্টের অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স এটি। ম্যান ম্যানেজমেন্টের ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা ডেলয়েট-এর মতে আগামী বছরের মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৮-২০ হাজার লোক লাগে) প্রায় ৪৪% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি হবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির বহুজাতিক সংস্থায় এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এখন সব কোম্পানি-ই HR প্রফেশনালসদের দিয়ে কোম্পানি পরিচালনা করে — যাতে কোম্পানির প্রোডাক্টিভিটি কয়েকশো গুণ বেড়ে যায়। আর ঠিক এই কারণেই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। ডিসানে এই বিভাগে সেরা ট্রেনিং দেওয়া হয়। এখনও আমার ট্রেনিং চলছে। কিন্তু ইতিমধ্যেই আমি একটি বড় কোম্পানিতে ইন্টার্নশিপ করছি। এখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পাচ্ছি। একথা আমি নির্দ্বিধায় বলতে পারি যে, ৬ মাস আগেও আমি কোনো ভালো কোম্পানিতে চাকরি পাব — একথা ভাবতেই পারতাম না। আমার এই কনফিডেন্স আর কেরিয়ার নিয়ে এই ট্রান্সফরমেশন সবটাই সম্ভব হয়েছে এখানে ট্রেনিং নেওয়ার পর।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয় অর্থাৎ **'Talent Acquisition (HR)'**, এর ওপরেই সবচেয়ে গুরুত্ব দেওয়া হয়। ফলে এখান থেকে পাশ করলে চাকরির জন্য বসে থাকতে হয় না। ট্রেনিং শেষে সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা ম্যানেজমেন্ট কোম্পানি, বহুজাতিক সংস্থার (দেশ-বিদেশের) স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড ট্রেনিং মডিউলে ESI, PF, Gratuity এর ওপর আলাদাভাবে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পাওয়া যায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল HR ম্যানেজারকেই ফ্যাকাল্টি হিসাবে নিয়োগ করা হয়। (৬) স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। (৭) সাধ্যের মধ্যে একদম ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

# ইঞ্জিনিয়ারিং পড়ে নেভিতে চাকরি

১ পাতার পর

অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকতে হবে। ২০২৬ সালের জে.ই.ই. (মেন)-এর র‍্যাঙ্ক প্রার্থীরাই আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ১৭ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৭ থেকে ১-১-২০১০'এর মধ্যে। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় প্রতি চোখে ৬/৬, ৬/৯, যা চশমা পরে ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শুরুতে ১৬ সপ্তাহের ন্যাভাল ওরিয়েন্টেশন ট্রেনিং হবে আগামী বছর জানুয়ারিতে, কেরলের ইঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। তখন ওইসব প্রার্থীদের 'ক্যাট' পরীক্ষা হবে। সফল হলে ন্যাভাল আর্কিটেকচারের বি.টেক. পড়ার জন্য কোচি ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে পাঠানো হবে। এরপর বিশাখাপত্তনমে ৬ মাসের ওয়্যারশিপ ডিজাইনের কোর্স করার সুযোগ পাবেন। সফল হলে আই.আই.টি. দিল্লিতে ন্যাভাল আর্কিটেকচারের দেড় বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়তে পারবেন। অন্যান্যদের বেলায় ৪ বছরের ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ানো হবে লোনাভালার আই.এন.এস. শিবাজীর ন্যাভাল কলেজ অফ ইঞ্জিনিয়ারিংয়ে। সব ক্ষেত্রে কোর্স পড়ার সময় ইঞ্জিনিয়ারিং বা, ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চে চাকরি হবে। সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.টেক. ডিগ্রি পাবেন। প্রথমে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মূল মাইনে : ৫৬,১০০-১,১০,৭০০ টাকা। ধাপে ধাপে পদোন্নতি পেয়ে ভাইস অ্যাডমিরাল হওয়ার সুযোগ আছে। শূন্যপদ : ৬০টি। মেকানিক্যালে ৩০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে ৩০টি।

প্রার্থী বাছাই হবে জে.ই.ই. (মেন) পরীক্ষায় পাওয়া অল ইন্ডিয়া র‍্যাঙ্ক দেখে। এরপর ইন্টারভিউ হবে সেপ্টেম্বরে, বেঙ্গালউরু, ভোপাল, কলকাতা ও বিশাখাপত্তনমে। ইন্টারভিউ নেবে সার্ভিস সিলেকশন বোর্ড। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো জে.পি.ই.জি. বা, জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'Officer Entry'-তে ক্লিক করলে Apply Online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ও রোল নম্বর স্ক্রিনে পাবেন। এবার ওই সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

কেরিয়ার ফেয়ার

তারিখ : ২৩ ও ২৪ জুন, ২০২৬ (মঙ্গলবার ও বুধবার)

সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

স্থান : কৃষ্ণা কাবেরী গার্ডেন, বারাসাত-বারাকপুর রোড, লোকনাথ মন্দিরের কাছে, বারাসাত, উত্তর ২৪ পরগনা

Sponsored by :

ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION



বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## পুলিশ, শিক্ষক, ক্লার্ক, গ্রুপ 'ডি', পঞ্চায়েত

১ পাতার পর

মাধ্যমে নিয়োগ হবে এইসব পদে :

(১) পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল। শূন্যপদ প্রায় ১৫,৫০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৩৫ বছর।

(২) পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর। শূন্যপদ প্রায় ২,৫০০টি। যোগ্যতা দরকার যে কোনো শাখায় গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৩৫ বছর।

(৩) কলকাতা পুলিশে কনস্টেবল। শূন্যপদ প্রায় ১০,৪০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৩৫ বছর।

(৪) কলকাতা পুলিশে সাব-ইন্সপেক্টর। শূন্যপদ প্রায় ৬০০টি। যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৩৫ বছর।

(৫) কলকাতা পুলিশে ড্রাইভার। শূন্যপদ প্রায় ৬৬৬টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

(৬) ফরেস্ট গার্ড। শূন্যপদ প্রায় ১,৭০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৩৭ বছর।

(৭) জেল ওয়ার্ডার। শূন্যপদ প্রায় ৭০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৩২ বছর।

(৮) আবগারি দফতরের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর। শূন্যপদ প্রায় ৬,০০০টি। কনস্টেবল পদে যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ ও সাব-ইন্সপেক্টর পদে যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৩২ বছর।

**পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ হবে এইসব পদে :**

(৬) লোয়ার ডিভিশন ক্লার্ক। শূন্যপদ প্রায় ৬,০০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

(৭) মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা। শূন্যপদ প্রায় ৭০০টি। যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৪৪ বছর।

(৮) ডব্লু.বি.সি.এস. পরীক্ষা। শূন্যপদ প্রায় ১,৮০০টি। যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স 'এ', 'বি' ও 'সি' গ্রুপের বেলায় ৪১ বছর আর 'ডি' গ্রুপের বেলায় ৪৪ বছর।

(৯) আই.সি.ডি.এস. সুপারভাইজর। শূন্যপদ প্রায় ১,০০০টি। যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

(৭) ফায়ার অপারেটর। শূন্যপদ প্রায় ২,০০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৩২ বছর।

**প্রাথমিক শিক্ষা পর্ষদের মাধ্যমে নিয়োগ হবে :**

(১১) প্রাইমারি টিচার। শূন্যপদ প্রায় ২০,০০০টি। যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ ও ডি.এল.এড. পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

**স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ হবে :**

(৭) আপার প্রাইমারি টিচার। শূন্যপদ প্রায় ২৫,০০০টি। যোগ্যতা দরকার গ্র্যাজুয়েট ও ডি.এল.এড বা, বি.এড. পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

(৭) নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষক-শিক্ষিকা। শূন্যপদ প্রায় ৩০,০০০টি। যোগ্যতা দরকার গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ। সেইসঙ্গে বি.এড. পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

(৭) স্কুল সার্ভিসের ক্লার্ক ও গ্রুপ-ডি। শূন্যপদ প্রায় ১০,০০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

**পঞ্চায়েত রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নিয়োগ হবে :**

(৭) পঞ্চায়েত বিভাগে বিভিন্ন পদে। শূন্যপদ প্রায় ৬,৫০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

**মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ হবে :**

(৭) পুরনিগমে বিভিন্ন পদে। শূন্যপদ প্রায় ২০,০০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৪৫ বছর (সর্বাধিক)।

**কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ হবে :**

(৭) সমবায় ব্যাঙ্কে চাকরি। শূন্যপদ প্রায় ৩,০০০টি। যোগ্যতা দরকার মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স ১৮ থেকে ৪৫ বছর (সর্বাধিক)।

**জেলা রিক্রুটমেন্ট কমিটি বা, সংশ্লিষ্ট নিয়োগ কমিটির মাধ্যমে নিয়োগ হবে :**


(৭) অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা। শূন্যপদ প্রায় ১৫,০০০টি। যোগ্যতা দরকার ক্লাস এইট পাশ থেকে উচ্চমাধ্যমিক। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

**রাজ্যে গ্রুপ-ডি পদে শূন্যপদ আছে প্রায় ১,০০,০০০টি।** যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ৪৫ বছর।

ওপরের ওইসব দফতর ছাড়াও কলকাতা হাই কোর্ট ও জেলা জাজেস কোর্টেও প্রায় ৩,০০০ শূন্যপদ আছে। যোগ্যতা দরকার ক্লাস এইট পাশ থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ওপরের ওইসব দফতরে মোট কত শূন্যপদ আছে, তার সঠিক সংখ্যা ৩ জুনের পর পাওয়া যাবে। ৬ জুনের পর স্বচ্ছ নিয়োগ নীতি তৈরি হলে বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।









## কোল ফিল্ডে ১,৬০৭ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ফিজিওথেরাপি, নার্সিং, আয়ুর্বেদ, অপ্টোমেট্রি, যোগা, ডায়াটেটিক্স। সংশ্লিষ্ট বিষয়ের গ্র্যাজুয়েটরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১২,৩০০-১২,৭০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ৪৫টি (জেনাঃ ১৮, ইডব্লু.এস. ৫, ও.বি.সি. ৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫)। মেকানিক্যাল ৪৩টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪)। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ১৩টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। মাইনিং ১৭টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রনিক্স ৮টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। সিভিল ১৬টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। ইনফর্মেশন টেকনোলজি ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। কমার্স ৫৮টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৬)। আর্টস ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। আইন ১২টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। কম্পিউটার অ্যাপ্লিকেশন ১৫টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। ফিজিওথেরাপি ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। নার্সিং ৩০টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। আয়ুর্বেদ ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। অপ্টোমেট্রি ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। যোগা ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ডায়াটেটিক্স ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** নেওয়া হবে এইসব শাখায় : ব্যাক অফিস ম্যানেজমেন্ট, মাইনিং ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, সিভিল, মডার্ন অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়েল প্র্যাক্টিস, কম্পিউটার সায়েন্স / আই.টি., এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সার্ভে ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল ল্যাব টেকনোলজি, ফার্মাসি, ই.সি.জি. টেকনোলজি, জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি, এক্স-রে টেকনোলজি, অপথ্যালমিক টেকনোলজি। সংশ্লিষ্ট বিষয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,৯০০-১২,৭০০ টাকা। শূন্যপদ : ব্যাক অফিস ম্যানেজমেন্ট ১৩টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। মাইনিং ২৯টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। মেকানিক্যাল ৬৭টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৪, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭)। ইলেক্ট্রিক্যাল ৭২টি (জেনাঃ ২৯, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৫, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৮)। ইলেক্ট্রনিক্স ১২টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। সিভিল ৫৬টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৬)। মডার্ন অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়েল প্র্যাক্টিস ১৬টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। কম্পিউটার সায়েন্স / আই.টি. ১৪টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। এনভায়রনমেন্টাল ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। সার্ভে ইঞ্জিনিয়ারিং ২১টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস :** মাধ্যমিক পাশের পর আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ওয়েল্ডার, টার্নার, মেশিনিস্ট, অটো ইলেক্ট্রিশিয়ান, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ডিজেল মেকানিক, মোটর মেকানিক ভেহিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। স্টাইপেন্ড ৯,৬০০-১০,৫৬০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান ২৪৪টি (জেনাঃ ৯৯, ই.ডব্লু.এস. ২৪, ও.বি.সি. ৫১, তঃজাঃ ৪৪, তঃউঃজাঃ ২৬)। ফিটার ৩৪৯টি (জেনাঃ ১৪১, ই.ডব্লু.এস. ৩৫, ও.বি.সি. ৭৩, তঃজাঃ ৬৩, তঃউঃজাঃ ৩৭)। ওয়েল্ডার ১১০টি (জেনাঃ ৪৪, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ২৩, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ১২)। টার্নার ৪৪টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫)। মেশিনিস্ট ৪৩টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪)। ইলেক্ট্রিশিয়ান ৬৩টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৭)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৩২টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ডিজেল মেকানিক ১১টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। মেকানিক ভেহিক্যাল ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৬-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১২ মাসের ট্রেনিং।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। মেধা তালিকা বেরোবে ২০ জুন। এই পদের বিজ্ঞপ্তি নং : NCL/HRD/CETI /2026-27/168, Dated: 25/05/2026.

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস পদের বেলায় আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in আই.টি.আই. অ্যাপ্রেন্টিস পদের বেলায় দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১৫ জুন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## চাকরির টুকরো খবরাখবর

### দিল্লি পুলিশের সি.বি.টি.'র ফল

দিল্লি পুলিশের হেড কনস্টেবল (অ্যাসিস্ট্যান্ট ওয়্যারলেস অপারেটর / টেলি প্রিন্টার অপারেটর) পদের যে কম্পিউটার বেসড টেস্ট ১৫ ও ২২ জানুয়ারি হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

### রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অ্যাসিস্ট্যান্ট পদের ফল

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অ্যাসিস্ট্যান্ট পদের যে প্রিলি পরীক্ষা ১১ ও ১৩ এপ্রিল হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের মেন পরীক্ষা হবে ৭ জুন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://opportunities.rbi.org.in

### রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার জুনিয়র ইঞ্জিনিয়ারিং পদের পরীক্ষা

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার জুনিয়র ইঞ্জিনিয়ারিং (সিভিল / ইলেক্ট্রিক্যাল) পদের পরীক্ষা হবে ৬ জুন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://opportunities.rbi.org.in

### ডি.আর.ডি.ও.'এর পরীক্ষা

ডি.আর.ডি.ও.'এর 'CEPTAM-2025'এর টায়ার-।। পরীক্ষা হবে ১৫ জুন। টায়ার-। পরীক্ষা হয়েছিল এবছর ২৩ মার্চ। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.drdo.gov.in

### এন.টি.পি.সি. (ইউ.জি.)'র টাইপিং টেস্ট'এর ফল

রেলের বিজ্ঞপ্তি নং CEN 6/2024'এর এন.টি.পি.সি. (ইউ.জি.)'র যে টাইপিং টেস্ট ১৩ ফেব্রুয়ারি হয়েছিল, তার চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে।

### এল.আই.সি'র জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের সি.বি.টি টেস্ট

এল.আই.সি. হাউজিং ফিনান্স লিমিটেডের জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ৬ জুন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : https://lichousing.com/careers

### বর্ডার সিকিউরিটি ফোর্সের হেড কনস্টেবল পদের ফল

বর্ডার সিকিউরিটি ফোর্সের হেড কনস্টেবল (রেডিও অপারেটর) ও হেড কনস্টেবল (রেডিও মেকানিক) পদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://rectt.bsf.gov.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com